গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

স্মারক নং-৩৩.০৬.০০০০.০০৪.২৭.০০১.২১-৩৮০

তারিখঃ ০২ চৈত্র ১৪২৭
১৬ মার্চ ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড, বেতন স্কেল ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সব জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|
| ০১. | কৃষি তথ্য কেন্দ্র সংগঠক<br>গ্রেড-১৪,<br>স্কেল:১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা-০৩ | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন-লাইভস্টক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | মানিকগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, রাজবাড়ী, জামালপুর, শেরপুর, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষীপুর, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ,নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, দিনাজপুর, নীলফামারী, ঝিনাইদহ, বরিশাল, ভোলা, পটুয়াখালী, হবিগঞ্জ।<br><br>**তবে, সকল জেলার এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ০২. | অডিও ভিজ্যুয়াল ইউনিট অপারেটর<br>গ্রেড-১৪<br>স্কেল: ১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা-০৩ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৩৫ এমএম ও ১৬ এমএম প্রজেক্টর,এমপ্লিফায়ার, পিএ সেট, জেনারেটর পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৩. | ক্যামেরাম্যান<br>গ্রেড-১৪<br>স্কেল: ১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা-০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কোন স্বনামধন্য ফিল্ম স্টুডিওতে ক্যামেরাম্যান হিসাবে অন্যূন ০২(দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) ৩৫ ও ১৬ মি.মি. সাদা-কালো এবং রঙ্গীন সিনেমাটোগ্রাফি এবং ফটোগ্রাফি ও মুভি ক্যামেরা পরিচালনা বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৪. | ক্যাশিয়ার-কাম-একাউনট্যান্ট<br>গ্রেড-১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/-<br>পদ সংখ্যা-০২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসা শিক্ষা শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় কর্ম অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(ঘ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রয়োজনে নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে। | |
| ০৫. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/-<br>পদ সংখ্যা-০২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি যথাঃ প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ এবং ইংরেজী-২০ শব্দ হইতে হইবে। | |

**শর্তাবলী ঃ-**

১. চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে/কম্পিউটার টাইপে পূরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরম এ দপ্তরের ওয়েবসাইটে (www.flid.gov.bd) পাওয়া যাবে।

২. আবেদন ফরমে ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে এবং উক্ত তারিখে সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা ও এতিম প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ থেকে অনুর্ধ্ব ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ থেকে অনুর্ধ্ব ৩২ বছর।

৩. আবেদনপত্র আগামী ২১/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন (১১ তলা), রমনা, ঢাকা-এর বরাবরে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪. বিধি মোতাবেক জেলা কোটাসহ বিদ্যমান অন্যান্য কোটা অনুসরণ করা হবে।

৫. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে। ২ ও ৫ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬. আবেদনপত্রের সাথে আবেদন ফরমে ব্যবহৃত **১** কপি রঙ্গীন ছবি ছাড়াও প্রথম শ্রেণির সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি রঙ্গীন ছবি, আবেদনকারীর নাম ও পত্র যোগযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত **১**০(দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত **১**৫´´× ৪.৫´´ ইঞ্চি মাপের একটি ফেরত খাম এবং পরীক্ষার ফি-বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে **উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা বরাবরে কোড নং ১-৪৪৩৭-০০০০-২০৩১** তে **১**০০/-(একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে কোন প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র (গ) জাতীয় পরিচয় পত্র/জন্মসনদ (ঘ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) (ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকরি প্রার্থীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র দিতে হবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর স্বপক্ষে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দিতে হবে (চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী সনদপত্র (ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট প্রদত্ত সনদপত্র (জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ (ঝ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে (ঞ) ক্রমিক নং- ২, ৩ ও ৪ এ বর্ণিত প্রার্থীর ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা এবং ক্রমিক নং- ২ এ বর্ণিত প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স।

৮. আবেদনপত্র প্রেরণের খামের বাম পার্শ্বের উপরের অংশে অবশ্যই স্পস্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

৯. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

১০. অস্পস্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**১১. কোন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গন্য করা হবে। অবতীর্ণ প্রত্যয়নপত্র (Appeared Certificate) দিয়ে আবেদন গ্রহণযোগ্য নয়।**

১২. আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত,মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১৩. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৭. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপ-পরিচালক (যুগ্ম সচিব)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।